PG (Even) Semester Examination, September, 2023

BENGALI

(2nd Semester)

Course No.: BNGCC-553

(বিশ শতকের বাংলা গদ্যসাহিত্য-১)

Full Marks: 70

Pass Marks: 28

Time: 3 hours

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে একটি প্রশ্ন নিয়ে মোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও।

'ক'-গুচ্ছ

১. প্রেমেন্দ্র মিত্র কত সালে 'সাহিত্য আকাদেমি পুরস্কার' পান? দাম্পত্য জীবনের জটিলতা নিয়ে লেখা প্রেমেন্দ্র মিত্রের তিনটি গল্পের নাম লেখো। মধ্যবিত্ত মানুষের আর্থ-সামাজিক সমস্যা ও নিপীড়িত মানুষের ছবি কীভাবে প্রেমেন্দ্র মিত্রের গল্পে উঠে এসেছে, পাঠ্য গল্প অবলম্বনে আলোচনা করো। ১+৩+১০=১৪

২. পরশুরামের দুটি গল্পগ্রন্থের নাম লেখো। পাঠ্য গল্প অবলম্বনে পরশুরামের হাস্যরসের পরিচয় দাও। ২+১২=১৪

'খ'-গুচ্ছ

৩. বিমল কর রচিত 'ইঁদুর' গল্পটি প্রথম কোন পত্রিকায় ছাপা হয়েছিল? তিনি কত সালে 'সাহিত্য আকাদেমি' পুরস্কার পেয়েছিলেন? 'জননী'

গল্পের কাব্যময় কথনশৈলী এবং কাহিনির প্রতীকধর্মিতা গল্পটিকে কালোত্তীর্ণ করেছে।'— মন্তব্যটি পর্যালোচনা করো। ১+১+১২=১৪

৪. মতি নন্দী রচিত 'ছাদ' গল্পটি কোন পত্রিকায়, কত সালে প্রথম ছাপা হয়েছিল? ''শবাগার' গল্পটি মতি নন্দীর অসাধারণ শিল্পনৈপুণ্যের পরিচয়বাহী।''— মন্তব্যটি যথার্থ কি না আলোচনা করো।
১+১+১২=১৪

'গ'-গুচ্ছ

৫. 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসটি আনন্দবাজার পত্রিকায় কত সালে প্রকাশিত হয়? উপন্যাসে উল্লিখিত নীলকর সাহেবের নাম কী? 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসের মূল উপজীব্য বিষয় প্রাচীন প্রথা ও জমিদারতন্ত্রের শোষণের বিরুদ্ধে করালীর বিদ্রোহ।' মন্তব্যটি বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

৬. 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসটি ইংরেজিতে কী নামে অনূদিত? করালীর পিসতুতো ভাইয়ের নাম কী? সময়ের অভিঘাতে ও যন্ত্রসভ্যতার প্রবল চাপে পড়ে কাহার সমাজ কীভাবে তাদের স্বাতন্ত্র্য হারিয়েছিল, উপন্যাস অবলম্বনে বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

'ঘ'-গুচ্ছ

৭. তিতাস নদী থেকে কত মাইল দূরে বিজয় নদী অবস্থিত? কিশোরের পুরো নাম কী? '' 'তিতাস একটি নদীর নাম' উপন্যাস হয়ে উঠেছে কৌম জীবন সংশ্লিষ্ট সময়ের আখ্যান।'' মন্তব্যটি বিশ্লেষণ করো।
১+১+১২=১৪

৮. 'তিতাস একটি নদীর নাম' উপন্যাসের চতুর্থ পর্বের দুটি উপপর্বের নাম লেখো। ''লোকসংস্কৃতির বর্ণময়তায় সমৃদ্ধ 'তিতাস একটি নদীর নাম' উপন্যাস।'' — উদাহরণসহ মন্তব্যটি বিশ্লেষণ করো। ২+১২=১৪

'ঙ'-গুচ্ছ

৯. স্বামী বিবেকানন্দের জন্ম ও মৃত্যুকাল উল্লেখ করো। 'উদ্বোধন' পত্রিকার প্রকাশক এর নাম লেখো। 'প্রাচ্য ও পাশ্চাত্য' প্রবন্ধগ্রন্থ অবলম্বনে বিবেকানন্দের দেশাত্মবোধ ও ইতিহাসচেতনার পরিচয় দাও।
১+১+১২=১৪

১০. দুটি আর্য মহাকাব্যের নাম লেখো। 'রামায়ণ' প্রবন্ধ অনুসরণে 'বিশ্ববাসী বাল্মীকি' ও 'বাঙালি কৃত্তিবাস' এর 'আত্মার দুস্তর ব্যবধান' বিষয়ে আলোচনা করো। ১+১+১২=১৪

*****